



রাজধানীর লালবাগে লোহার ব্রিজ এলাকায় গণপিটুনিতে প্রাণ হারাল কিলার বাবু



সংগৃহীত ছবি

ঢাকার লালবাগে নেশাগ্রস্ত অবস্থায় মাতলামি করায় উত্তেজিত জনতার গণপিটুনিতে নিহত হয়েছেন তৌফিকুল ইসলাম ওরফে কিলার বাবু (২৬)। আহত অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

রাজধানীর লালবাগের শহীদনগর লোহার ব্রিজ এলাকায় শনিবার গভীর রাতে ঘটে এ ঘটনা। প্রত্যক্ষদর্শীরা জানান, রাত প্রায় সাড়ে ৩টার দিকে তৌফিকুল ইসলাম নেশাগ্রস্ত অবস্থায় মাতলামি করতে থাকেন। এ সময় স্থানীয়রা ক্ষুব্ধ হয়ে তাকে গণপিটুনি দেয়।

পরবর্তীতে খবর পেয়ে আজিমপুর আর্মি ক্যাম্পের সদস্যরা আহত অবস্থায় তাকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান। রোববার সকাল সোয়া ৮টার দিকে জরুরি বিভাগে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

মৃতদেহ ময়নাতদন্তের জন্য হাসপাতাল মর্গে রাখা হয়েছে। ঘটনাটি নিয়ে লালবাগ থানা তদন্ত শুরু করেছে এবং আইনি প্রক্রিয়া চলমান রয়েছে।

LENS ASIA